

# ঢাবির চারুকলার ভর্তি পরীক্ষা কাল, আসনপ্রতি লড়বেন ৫২ জন

অনলাইন ডেক্স

২৮ এপ্রিল ২০২৩ ০৮:০১ পিএম | আপডেট: ২৮ এপ্রিল

২০২৩ ০৮:০১ পিএম

1  
Shares



ফাইল ছবি

advertisement

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষের আন্তর্গ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষা আগামীকাল শনিবার অনুষ্ঠিত হবে। বেলা ১১টায় পরীক্ষা শুরু হয়ে চলবে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত।

পরীক্ষাটি বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদ ভবন ও সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনে অনুষ্ঠিত হবে। পরীক্ষার দিন বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান কলাভবন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করবেন।

advertisement

## আরও পড়ুন: ইদের ছুটি শেষে রোববার খুলচে শাবিপ্রবি

কলা অনুষদে মোট আসন ১৩৫টি। এর বিপরীতে পরীক্ষা দেবেন ৭ হাজার ৯৭ জন। সেই হিসেবে আসনপ্রতি লড়বেন ৫২ জনের বেশি ভর্তিচ্ছু শিক্ষার্থী।